

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ- ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এর ১টি শূন্য টেকনিশিয়ান (টেকনিক্যাল এসিস্ট্যান্ট) পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে অবশ্যই বি.এসসি ডিগ্রীধারী/ইলেকট্রিক্যাল/ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং-এ বি.এসসি ডিগ্রীধারী হইতে হইবে। শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানে টেকনিশিয়ান হিসাবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। প্রার্থীকে কম্পিউটার অপারেটিং-এ পারদর্শী হইতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। প্রার্থীর বয়স অনুর্দ্ধ ৩০ (ত্রিশ) বৎসর হইতে হইবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ১৩-০৩-২০১৭ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষ) নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

